গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mole.gov.bd

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

২৩ ফাল্গুন ১৪২৭
তারিখ---------------------
০৮ মার্চ ২০২১

নং-৪০.০০.০০০০.০১১.১১.০০২.১৮-১১৩

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের রাজস্বখাতের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র/ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১১,০০০-২৬,৫৯০/-(গ্রেড-১৩) | অনূর্ধ্ব ৩০ বছর | ০২ (দুই) টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ)কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটারে Word processing-সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) সাঁটলিপিতে গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৭০ এবং বাংলায় সর্বনিম্ন ৪৫ শব্দ।<br>(ঘ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ৩০ এবং বাংলায় সর্বনিম্ন ২৫ শব্দ। | ঢাকা, নারায়ণগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, হবিগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, ময়মনসিংহ, যশোর, সাতক্ষীরা এবং বরিশাল জেলা ব্যতিত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। | ইতঃপূর্বে গত ০১-১১-২০১৮ তারিখে জারীকৃত ৪০.০০.০০০০.০১১.১১ .০০২.১৮-৪৯৪ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ২। | ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/-(গ্রেড-১৪) | অনূর্ধ্ব ৩০ বছর | ১ (এক) টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটারে Word processing-সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | | |
| ৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | অনূর্ধ্ব ৩০ বছর | ২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ. এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটারে Word processing-সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) মুদ্রাক্ষরের গতি প্রতি মিনিটে ইংরেজি সর্বনিম্ন ২০ এবং বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ। | | |
| ৪। | ক্যাশ সরকার ৯,০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | অনূর্ধ্ব ৩০ বছর | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ, এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে Word processing-সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, রাজশাহী, পাবনা, বগুড়া, সুনামগঞ্জ, রংপুর, দিনাজপুর, ময়মনসিংহ, যশোর, মাগুড়া, নড়াইল এবং বরিশাল জেলা ব্যতিত অন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। | ইতঃপূর্বে গত ০১-১১-২০১৮ তারিখে জারীকৃত ৪০.০০.০০০০.০১১.১১ .০০২.১৮-৪৯৪ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |
| ৫। | অফিস সহায়ক ৮,২৫০-২০০১০/-(গ্রেড-২০) | অনূর্ধ্ব ৩০ বছর | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |

G:\Admin Doc\Admin Recruitment-2020\নিয়োগ বিজ্ঞপ্তি ২০২০ সর্বশেষ.docx

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। আবেদনের নির্ধারিত ফরম (যা মন্ত্রণালয়ের www.mole.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে) যথাযথভাবে পূরণপূর্বক আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি ও অতিরিক্ত সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ভবন নং-০৭, কক্ষ নং-৫১৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী ০৮-০৪-২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। আগামী ০৮-০৪-২০২১ তারিখ অপরাহ্ণ ৫.০০ ঘটিকার পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র কোনভাবেই গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। ক) সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন), বিভাগীয় নির্বাচন কমিটি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে ১-৩১০১-০০০১-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১, ২ ও ৩ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৪ ও ৫ নং পদের ক্ষেত্রে ৫০/-(পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য ট্রেজারী চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে তার মূল কপি আবেদনপত্রে সংযুক্ত করে দিতে হবে।

খ) আবেদনপত্রের খামের উপরের ডান পার্শ্বে পদের নাম, বিভাগের নাম, জেলার নাম এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনকারীকে তার নাম ও বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ফেরত খাম ৯.৫×৪.৫ ইঞ্চি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

গ) আবেদন ফরম ও প্রবেশপত্রের নির্ধারিত স্থানে সাম্প্রতিক তোলা (রঙিন) পাসপোর্ট আকারের ২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে এবং অতিরিক্ত ১(এক) কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। ০৮-০৪-২০২১ তারিখে আবেদনকারীর বয়সসীমা ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থী/দের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থী এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীর বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৫। আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতার তথ্য আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে (চাহিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা) পরবর্তীতে প্রকাশ করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৬। প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট অনুলিপি জমা দিতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

(খ) জাতীয় পরিচয়পত্র (NID/Smart card)/ জন্ম নিবন্ধন।

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত) নাগরিকত্বের সনদ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ) মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্মসনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ।

(ছ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এতিম/শারীরিক প্রতিবন্ধী সনদ।

০৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। এছাড়াও কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে আবেদন দাখিল করলে/চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনপত্র/নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৯। মুক্তিযোদ্ধাদের সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ের পর নিয়োগ চূড়ান্ত করা হবে।

১০। ক্রমিক নং:- ১, ৩ ও ৫ এর ক্ষেত্রে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এবং ক্রমিক নং ২ ও ৪ এর ক্ষেত্রে মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা/টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ০১-১১-২০১৮ তারিখে জারীকৃত ৪০.০০.০০০০.০১১.১১.০০২.১৮-৪৯৪ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩), ক্যাশ সরকার (গ্রেড-১৭) এবং অফিস সহায়ক (গ্রেড-২০) পদে যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন তাদের আবেদনসমূহ বলবৎ থাকবে এবং তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় এ নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mole.gov.bd এ প্রবেশপত্র পাওয়া যাবে এবং উক্ত প্রবেশপত্র ডাউনলোড করে ০২ কপি পূরণপূর্বক সত্যায়িত ছবিসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮.০৩.২০২১

(মোর্শেদা আক্তার)
উপসচিব (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়